

পাবিপ্রবি উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষের পদত্যাগ

পাবিপ্রবি
প্রতিনিধি

১২ আগস্ট,
২০২৪ ১৮:৫৯

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহউদ্দিন দায়িত্ব থেকে অব্যাহতি চেয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ

বরাবর পদত্যাগপত্র জমা দিয়েছেন।

সোমবার (১২ আগস্ট) ব্যক্তিগত ও পারিবারিক কারণ দেখিয়ে পদত্যাগপত্র দিয়েছেন এই দুই শিক্ষক।

পদত্যাগের বিষয়ে জানতে চাইলে উপ-উপাচার্য অধ্যাপক ড এস এম মোস্তফা কামাল খান বলেন, ‘দেশের সার্বিক অবস্থা ভালো না, চারদিকেই পদত্যাগ চলছে। আমার থাকার নিয়ে অনেকেই বিরোধিতা করছেন।

এই মুহূর্তে ব্যক্তিগত সম্মান ধরে রাখতে চাইলে পদত্যাগ ছাড়া উপায় নাই।’

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহউদ্দিন বলেন, ‘পরিস্থিতি যেখানে গিয়ে দাঁড়িয়েছে সেখানে পদত্যাগ করা ছাড়া উপায় দেখছি না। যেহেতু আমি একজন শিক্ষক, তাই আমার কাছে সম্মানটা বড় বিষয়। বিশ্ববিদ্যালয়ে ফিরে আমি কারো দ্বারা অপদস্ত হতে চাইনি, তাই পদত্যাগপত্র দিয়েছি।